

৯ দফা দাবিতে ইবি ছাত্রদলের ৪৮ ঘণ্টার আলটিমেটাম

■ ইবি প্রতিনিধি
ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) শাখা ছাত্রদলের সভাপতি মো. ওমর ফারুক ও সাধারণ সম্পাদক রাশিদুল ইসলাম রাশেদসহ নেতাকর্মীদের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহারসহ ৯ দফা দাবিতে ৪৮ ঘণ্টার আলটিমেটাম দিয়েছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শাখা ছাত্রদল। দাবি না মানা হলে আগামী মঙ্গলবার থেকে সর্বাত্মক ধর্মঘটের হুমকি দিয়েছেন তারা। গতকাল শনিবার এক সংবাদ সম্মেলনে ছাত্রদলের নেতাকর্মীরা এ হুমকি দেন। শনিবার ৯ দফা দাবিতে বিশ্ববিদ্যালয়ের শ্রেণি কন্যারে সংবাদ সম্মেলনের আয়োজন করে ইবি শাখা ছাত্রদল। বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রদলের সভাপতিসহ লিখিত বক্তব্য পাঠ করেন সাধারণ সম্পাদক রাশিদুল ইসলাম রাশেদ। লিখিত বক্তব্যে তিনি জানান, গত শাভে চার বছরে, ছাত্রলীগ ছাত্রদলের ওপর অপ্রত ৩০ বার মামলা চালিয়েছে। এতে তাদের পাঁচ শতাধিক নেতাকর্মী আহত হয়েছেন। ৭ শেখেরও ছাত্রলীগ কোনো কারণ ছাড়াই ছাত্রদলের ওপর আক্রমণ করে। এ সময় ছাত্রলীগ প্রকাশ্যে আমেদ্যত্র ব্যবহার করলেও বিশ্ববিদ্যালয় প্রশাসন তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়নি। উদ্দেশ্যে প্রশাসন বাদী হয়ে ছাত্রদলের শতাধিক নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করেছে। তিনি বলেন, আগামী ৪৮ ঘণ্টার মধ্যে এ মিথ্যা মামলা প্রত্যাহার করতে হবে।

তা না হলে মঙ্গলবার থেকে ছাত্র ধর্মঘটে যাওয়ার হুমকি দেন তিনি। এ সময় তারা ছাত্রদলের ওপর মামলাকারী অত্রধারী ছাত্রলীগ ও বহিরাগত মহাসী এবং শিক্ষকদের ওপর মামলাকারী ছাত্রলীগ নেতাকর্মীদের গ্রেফতার, বিশ্ববিদ্যালয়ের ৩৭ কোটি টাকা নেন্দা রেখে নতুন করে চাকরি বাণিজ্যের সব প্রক্রিয়া বন্ধসহ আরও ৮ দফা দাবি পেশ করে।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সহসভাপতি মোহাম্মদ ইমদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আবুল খায়ের, দফতর সম্পাদক শাহেদ আহমেদসহ অন্য নেতাকর্মীরা।